# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

**স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৩(ক)/২০১৯/০৫** **তারিখ ঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ**

প্রাপক ঃ কেন্দ্র সচিব
এস এস সি পরীক্ষা ২০১৯
(সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র)

**বিষয় ঃ** **২০১৯ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষার পরীক্ষা সংক্রান্ত মালামাল ও আনুষঙ্গিক কাগজপত্রাদি গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এস এস সি পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক OMR সহ আনুষঙ্গিক কাগজপত্রাদি নিম্নে উল্লেখিত তারিখে বিতরণ করা হবে। **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রাধিকার পত্রসহ সভায় উপস্থিত হয়ে কাগজপত্র গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা গেল।**

রীতিমাফিক পাবলিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ে মত বিনিময় সভায় সকল কেন্দ্রের সম্মানিত কেন্দ্র সচিববৃন্দকে নিম্নবর্ণিত তারিখ বেলা ১১.০০ টায় শিক্ষা বোর্ড মিলনায়তনে স্বশরীরে উপস্থিত থাকতে অনুরোধ করা গেল। উল্লেখ্য, যাতায়াতের জন্য শিক্ষা বোর্ড থেকে কোন টি এ/ডি এ প্রদান করা হবে না। উক্ত সভা অতীব গুরুত্বপূর্ণ বিধায় কোন প্রতিনিধির উপস্থিতি কাম্য নয়।

## বিতরণ সূচি ঃ

| | |
|---|---|
| সুনামগঞ্জ জেলা | : ২১/০১/২০১৯ (সোমবার) |
| হবিগঞ্জ জেলা | : ২২/০১/২০১৯ (মঙ্গলবার) |
| মৌলভীবাজার জেলা | : ২৩/০১/২০১৯ (বুধবার) |
| সিলেট জেলা | : ২৬/০১/২০১৯ (শনিবার)<br>সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও বিশ্বনাথ উপজেলার কেন্দ্রসমূহ। |
| সিলেট জেলা | : ২৭/০১/২০১৯ (রবিবার)<br>সিলেট জেলার অন্যান্য উপজেলার কেন্দ্রসমূহ। |

**উল্লেখ্য, ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। কেন্দ্র থেকে প্রবেশপত্র কালার প্রিন্টারে প্রিন্ট করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বিতরণের জন্য অনুরোধ করা হলো।**

বিঃদ্রঃ

(১) সিলেট শিক্ষা বোর্ড থেকে প্রেরিত পত্রের স্মারক নংঃ সিশিবো/পনি/পরীক্ষা **কমিটি/৫০০০/০৭/২০১৮/৫৬১, তারিখঃ ০৬/১২/২০১৮ মোতাবেক কেন্দ্র নবায়ন ফি জমাদানের জন্য পত্র ইস্যু করা হয়েছিল। কেন্দ্র ফি জমাদানের রশিদের ফটোকপি (কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত) মালামাল গ্রহনের সময় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।**

(২) ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় পরীক্ষা সংশ্লিষ্ট সকল প্রকার ফরম বোর্ডের ওয়েবসাইটের 'Download Center' option – এ ক্লিক করে 'Forms' option – এ ক্লিক করে 'Exam (JSC, SSC, HSC) Related Documents' - এ ক্লীক করলে নিচে পরীক্ষা সংক্রান্ত সকল ফরমের নামের তালিকা আসবে। তা থেকে প্রয়োজনীয় সকল ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

**(৩) প্রবেশপত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে অনভিপ্রেত ভুলত্রুটি সংশোধন করে নিতে হবে। পরীক্ষা শুরুর পর প্রবেশপত্রে কোন ধরনের সংশোধন করা হবে না।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০৮৫

**স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৩(ক)/২০১৯/০৫** **তারিখ ঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ**

**অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সিলেট বিভাগের সকল উপজেলা)।
৪. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৬. স্টোর কিপার, অত্র শিক্ষা বোর্ড।
৭. সংরক্ষণ নথি।

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।